



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা



বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

বিষয়: : ২০২০-২১ অর্থবছরের বর্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A.) বাস্তবায়ন সংক্রান্ত টিমের জানুয়ারি ২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : নাসরীন আফরোজ, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা

সভার তারিখ ও সময়: ১০ জানুয়ারি ২০২১, বেলা: ১২.০০ মিনিট

স্থান : ট্রাস্টের সম্মেলন কক্ষ (কক্ষ নং ২১৫)।

উপস্থিতি : “ক”

২.০ প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) ও এ.পি.এ. টিমের সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় ২০২০-২১ অর্থবছরের বর্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রশিক্ষণ/প্রশিক্ষণ-কর্মশালা আয়োজনের বিষয়ে সভাপতি সকল কর্মকর্তাদের মতামত আহ্বান করেন। শিক্ষা প্রতিষ্ঠানে ভার্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা এবং চিকিৎসা নিশ্চিতকরণে আর্থিক অনুদান প্রদান কার্যক্রমদু’টি অতিদ্রুত অনলাইনকরণের বিষয়ে সভাপতি তাঁর মতামত তুলে ধরেন। সভাপতির নির্দেশনাক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাটি সঞ্চালনা করেন। বর্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সকল শাখা/অধিশাখাকে নির্ধারিত সময়ে ২০২০-২১ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক কার্যসমূহ সম্পাদনের জন্য সভাপতি সকলকে আহ্বান করেন। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

৩.০ সিদ্ধান্তসমূহ:

৩.১ বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় রেখে সকল আর্থিক নীতিমালা অণুসরণপূর্বক জেলা পর্যায়ে অনলাইনে জুমের মাধ্যমে ৩য় ত্রৈমাসিক এর মধ্যে ১০টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন;


৩.২ আর্থিক সহায়তা এবং আর্থিক অনুদান প্রদান অনলাইনকরণ কার্যক্রমদু’টি মাননীয় শিক্ষামন্ত্রী, আইসিটি বিভাগের প্রতিমন্ত্রী ও মাননীয় শিক্ষা উপমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য ৩১ জানুয়ারি ২০২১ এর মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে সার-সংক্ষেপ প্রেরণ;

৩.৩ NIS এর ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনার ৯.১ কার্যক্রম অনুযায়ী উপবৃত্তি, আর্থিক সহায়তা ও আর্থিক অনুদান প্রদান কার্যক্রম বিষয়ে কমপক্ষে সংশ্লিষ্ট ১০টি প্রতিষ্ঠান ৩য় ত্রৈমাসিক এর মধ্যে সরেজমিনে পরিদর্শন;

৩.৪ Innovation এর ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনার ৪.২ কার্যক্রম অনুযায়ী উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দু’দিনের প্রশিক্ষণ ৩১ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে আয়োজন; এবং

৩.৫ নিয়মিত ওয়েবসাইট ও অফিসিয়াল ফেইজবুক তথ্য আপলোড ও হালনাগাদকরণ এবং সকল কর্মকর্তা-কর্মচারীর প্রতিদিন ওয়েবসাইট ও অফিসিয়াল ফেইজবুক ডিজিটকরণ।

৪.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(নাসরীন আফরোজ)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮১৯২২০০

e-mail: md@pmeat.gov.bd

২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

তারিখ: ১১ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নং-৩৭.২৪.০৪.০০০০.১১৪.১২৮.২০- ১৯৮

বিতরণ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

৩। উপসচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

৫। সহকারী পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।


৬। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৭। ব্যক্তিগত সহকারী (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

৮। অফিস সহায়ী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

৯। ডাটা এন্ট্রি অপারেটর (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

১০। অফিস কপি।


(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ০২-৫৫০০০৭০৯
e-mail: ad.planning@pmeat.gov.bd